গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর-৪২.০০.০০০০.০৩১.১১.০০০৩.২৪-৩০৯

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

## অফিস আদেশ

"মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনের শূন্য পদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব প্রদান নীতিমালা, ২০২৩" এর অনুচ্ছেদ নম্বর-৮(১১) অনুযায়ী গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাকে উক্ত বোর্ডের মহাপরিচালক পদে আগামী ০৫/০৭/২০২৬ তারিখ হতে ০৬ (ছয়) মাসের জন্য অথবা তার চাকুরী হতে পিআরএল গমনের পূর্ব পর্যন্ত (যেটি আগে ঘটে) নিম্নবর্ণিত শর্তে চলতি দায়িত্ব প্রদান করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | চলতি দায়িত্বে নিয়োগকৃত পদ |
|---|---|---|
| ০১. | জনাব মো: রুহুল আমিন<br>পরিচিতি নম্বর ৬৮০২০৭০০১<br>অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), (পরিকল্পনা, নকশা ও গবেষণা),<br>মূল পদ-প্রধান প্রকৌশলী (পুর), বাপাউবো, ঢাকা। | মহাপরিচালক (চলতি দায়িত্ব) |

শর্তাদি:

(ক) এ চলতি দায়িত্ব সাময়িকভাবে আগামী ০৫/০৭/২০২৬ তারিখ হতে ০৬ (ছয়) মাসের জন্য অথবা তার চাকুরী হতে পিআরএল এ গমনের পূর্ব পর্যন্ত (যেটি আগে ঘটে) সে পর্যন্ত বহাল থাকবে। তবে ০৬ (ছয়) মাসের অধিককাল চলতি দায়িত্ব প্রদানের প্রয়োজন হলে, ০৬ (ছয়) মাস অতিক্রমের পূর্বে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট পদোন্নতি কমিটি বা বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে;

(খ) এ চলতি দায়িত্ব পদোন্নতি হিসেবে দাবি করা যাবে না;

(গ) চলতি দায়িত্ব পালনকারী কর্মচারী চলতি দায়িত্ব পালনের কারণে চলতি দায়িত্বের পদে বা অন্য কোন পদে বদলি বা পদোন্নতি প্রদানের ক্ষেত্রে কোনরূপ অগ্রগণ্যতা বা অধিকার অর্জন করবেন না;

(ঘ) চলতি দায়িত্ব পালনকালে দায়িত্বপ্রাপ্ত কর্মচারী তার দায়িত্বপ্রাপ্ত পদের পদবীর সাথে **'চলতি দায়িত্ব'** শব্দটি যোগ করবেন; এবং

(ঙ) এ সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮/০৪/২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭,২১-৯৭ সংখ্যক প্রজ্ঞাপনের শর্তাবলী প্রযোজ্য হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ আগামী **০৫/০৭/২০২৬** তারিখ হতে কার্যকর হবে।

৩০/৬/২০২৬

মো: সাইফুর রহমান
উপসচিব
☏০২-২৩৩৫৬৭৭৫
E-mail:admin1@mowr.gov.bd

স্মারক নম্বর-৪২.০০.০০০০.০৩১.১১.০০০৩.২৪-৩০৯/১(২৫)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২, গ্রীন রোড, ঢাকা।

০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/পরিকল্পনা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা।
০৫। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ৭২, গ্রীন রোড, ঢাকা।
০৬। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
০৭। যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন-১/উন্নয়ন-২/বাজেট ও অডিট/আরএমএন্ডপিআর), পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০৮। জনাব মো: রুহুল আমিন, অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
০৯। সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ, ৭২, গ্রীন রোড, ঢাকা।
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]।
১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য]।
১২। সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৫। অফিস কপি।

৩০/০৬/২০২৬

মো: সাইফুর রহমান
উপসচিব